# আইনজীবীদের মানবিক মূল্যবোধ চর্চার আহ্বান আইনমন্ত্রীর



আইনমন্ত্রী আসাদুজ্জামান। ছবি: সংগৃহীত

দেশের প্রায় ৮০ হাজার আইনজীবীর জন্য নিয়মিত প্রশিক্ষণের পর্যাপ্ত ব্যবস্থা না থাকাকে আইন পেশার বড় সংকটগুলোর একটি বলে উল্লেখ করেছেন আইনমন্ত্রী অ্যাডভোকেট মো. আসাদুজ্জামান।

শনিবার (১৯ সেপ্টেম্বর) রাজধানীর নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ে আয়োজিত ‘এনএসইউ ল ফেস্ট’-এর সমাপনী অনুষ্ঠানে তিনি এ কথা বলেন।

আইনজীবীদের পেশাগত দক্ষতার পাশাপাশি মানবিক মূল্যবোধ চর্চার ওপরও গুরুত্ব দেন আইনমন্ত্রী। তিনি বলেন, আদালতের একজন অংশীজন হিসেবে বিচারিক সিদ্ধান্ত গ্রহণে সহায়তা করা আইনজীবীদের গুরুত্বপূর্ণ দায়িত্ব। এ ক্ষেত্রে আইনজীবীর যথাযথ সহযোগিতা প্রয়োজন।

কোনো আইনে অসংগতি চোখে পড়লে তা সংশোধনের উদ্যোগ নিতে শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান মো. আসাদুজ্জামান। তিনি বলেন, সংশ্লিষ্ট আইনের সংশোধনী প্রস্তাব খসড়া আকারে আইন মন্ত্রণালয়ে পাঠানো যেতে পারে। শিক্ষার্থীদের এমন চিন্তা ও প্রস্তাব সরকারকে আরও সমৃদ্ধ করবে।

অনুষ্ঠানে দেশের গণতন্ত্র ও মানুষের অধিকার রক্ষায় বেসরকারি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের সক্রিয় থাকার আহ্বানও জানান আইনমন্ত্রী। তিনি ২০২৪ সালের অভ্যুত্থানের সময় শিক্ষার্থীদের ভূমিকার প্রসঙ্গ তুলে এ আহ্বান জানান।

LENS ASIA